



গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
GazipurPalliBidyut samity-2



সদর দপ্তর
রাজেন্দ্রপুর, গাজীপুর
টেলিফোন : ০২-৯২০১৭৮৩
E-mail: gazipbs2@gmail.com
Web: pbs2.gazipur.gov.bd

স্মারক নং-২৭.১২.৩৩৩০.৫৭৭.০৭.০২৩.২২. ২৪৭৫

তারিখঃ ৩০.০৪.২০২২ খ্রিঃ

দরপত্র বিজ্ঞপ্তি

০১। গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর তালিকাভুক্ত স্থায়ী/সাময়িক পূর্বযোগ্যতা প্রাপ্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠান এর নিকট হতে পবিস নির্দেশিকা ১০০-৪১ এর আওতায় ০৫ কিঃমিঃ অথবা ৫০০০০০/- (পাঁচ লক্ষ) টাকা মাত্র (যা আগে আসে) বিতরন লাইন রক্ষনাবেক্ষন কাজের জন্য নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০২। দরপত্রের বিবরণঃ প্রতিটি প্যাকেজে ০৫ কিঃমিঃ বিতরন লাইন রক্ষনাবেক্ষন কাজ।

ক্রঃ নং	দরপত্র দলিলের (প্যাকেজ) নম্বর	কাজের বিস্তারিত বিবরণ	প্রাক্কলিত মূল্য	আনেট মানির পরিমাণ (টাকা)	কাজের মেয়াদ	দরপত্র দলিলের বিক্রয় মূল্য (অফেরত যোগ্য)
১	২২/১২	সমিতির নিজস্ব অর্থায়নে বিতরণ লাইন রক্ষনাবেক্ষন কাজ	৫,০০০০০/- (পাঁচ লক্ষ)	১৫০০০/-	৬০ দিন	১০০০/-

০৩। দরপত্র দলিল অত্র সমিতির ক্যাশ শাখা হতে আগামী ০৫/০৫/২০২২ খ্রিঃ তারিখ হতে ১৮/০৫/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন পূর্বক সমিতির অনুকূলে প্রতিটি প্যাকেজের জন্য ১০০০.০০ টাকা নগদ জমা প্রদান সাপেক্ষে ক্রয় করা যাবে।

০৪। পবিস নির্দেশিকা ১০০-৪১ অনুযায়ী প্রতিটি দরপত্র প্রাক্কলিত মূল্যের সমদরে অথবা সর্বোচ্চ ৫% নিম্ন দরে দাখিল করা যাবে।

০৫। প্রতিটি দরপত্র দাখিলের সময় বর্ণিত আনেটমানি “গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২” এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিল ব্যাংক (বাপবিবোর্ডের অথবা যে কোন পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক কালো তালিকাভুক্ত ব্যাংক ব্যতীত) হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে। প্রয়োজনীয় আনেটমানি ছাড়া দরপত্র বৈধ বলে গ্রহণযোগ্য হবে না।

০৬। দরপত্র আগামী ১৯/০৫/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত অত্র পবিসে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে এবং একই দিন বেলা ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র উন্মুক্তকরণ কমিটি কর্তৃক অত্র দপ্তরে দরপত্র সমূহ খোলা হবে।

০৭। উদ্বৃত্ত-দর সরকারী নিয়ম মোতাবেক প্রদেয় মূল্য সংযোজন কর সহ উদ্বৃত্ত বলে বিবেচিত হবে। পৃথকভাবে মূল্য সংযোজন কর উল্লেখ করা হলে সেই দরপত্র গ্রহণ করা হবে না।

০৮। প্রতিটি দরপত্রের বিপরীতে দক্ষ লোকবল, প্রয়োজনীয় টুলস/যন্ত্রপাতির তালিকা প্রদান করতে হবে। দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের বাপবিবোর্ডের প্রশিক্ষণ প্রাপ্ত পর্যাপ্ত সংখ্যক সুপারভাইজার ও লাইনম্যানসহ প্রয়োজনীয় লোকবল থাকতে হবে।


০৯। সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হলে সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) লটারীর মাধ্যমে ১ম, ২য়, ৩য় নির্ধারন করবেন।

১০। সন্তোষজনক ভাবে কার্য সম্পাদনের (ক্লোজ আউট সহ) পর প্রয়োজনীয় সকল দলিলাদি সহ বিল দাখিল করতে হবে। প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১১। ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে কোন দরপত্র প্রেরন করা যাবে না। তবে নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।


১২। ২০২১-২২ অর্থ বছরে স্থায়ী/সাময়িক পূর্বযোগ্যতা নবায়ন না হলে কার্যাদেশ প্রদান করা হবে না। কার্যাদেশের সময় সীমা উত্তীর্ণের পরেও যে সমস্ত প্রতিষ্ঠান অদ্যবধি ক্লোজ আউট সম্পন্ন করেন নাই, তাদের ও কার্যাদেশ প্রদান করা হবে না। সর্বনিম্ন দরদাতা হলেও কার্যাদেশ প্রাপ্তির যোগ্য হিসাবে বিবেচিত হবে না।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষন করেন।


(মোহাম্মদ সরওয়ার জাহান)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপি:

- ০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন (উত্তর) বাপবিবো, সাভার, ঢাকা।
- ০২। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, গাজীপুর।
- ০৩। ডিজিএম (কাপাসিয়া জোনাল অফিস), গাজীপুর পবিস-২।
- ০৪। এজিএম (ইএন্ডসি/ওএন্ডএম/অর্থ/ সদস্য সেবা/প্রসাধন), গাজীপুর পবিস-২।
- ০৫। মেসার্স ----- (অবগতি ও দরপত্রে অংশ গ্রহনের অনুরোধ সহ)।
- ০৬। নোটিশ বোর্ড, গাজীপুর পবিস-২।


(প্রকোঃসুকুমার চৌধুরী)
ডিজিএম (সদর-কারিগরী)